# আজ জামায়াতের প্রতিনিধি দলের সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক




সংগৃহীত ছবি

রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আজ (বুধবার, ২১ অক্টোবর) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করবে বাংলাদেশ জামায়াতে ইসলামী'র একটি প্রতিনিধি দল। বৈঠকে সমসাময়িক রাজনৈতিক পরিস্থিতি, জুলাই সনদ বাস্তবায়ন এবং আসন্ন জাতীয় নির্বাচন নিয়ে আলোচনা হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

যদিও প্রতিনিধি দলে কারা থাকছেন—সে বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেয়নি দলটি। তবে সূত্রের তথ্য অনুযায়ী, দলের শীর্ষস্থানীয় নেতারা এই বৈঠকে উপস্থিত থাকতে পারেন।

এর আগে মঙ্গলবার সন্ধ্যায় বিএনপির একটি প্রতিনিধি দল প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেছে। সেই বৈঠকে অংশ নেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী এবং সালাহউদ্দিন আহমদ। জুলাই সনদ ঘোষণার পর এটিই ছিল প্রধান উপদেষ্টার সঙ্গে কোনো রাজনৈতিক দলের প্রথম আনুষ্ঠানিক বৈঠক।